



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা শাখা
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.২৯.২৮.২০১৫/ ৬ ২০১৬

তারিখ: ২১/০৫/২০২৬ খ্রি.

বিষয়ঃ কলেজ পর্যায়ের শরীরচর্চা শিক্ষকদের ৩ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স ২০২৬ (ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল)।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগের তত্ত্বাবধানে কলেজ পর্যায়ের শিক্ষক/শিক্ষিকাগণের জন্য ৩ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়েছে। উক্ত কোর্স আগামী ০৯/০৬/২০২৬ খ্রি. থেকে ১১/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত ১ম ব্যাচ ও ১৩/০৬/২০২৬ খ্রি. থেকে ১৫/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত ২য় ব্যাচ সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকায় এবং ১৬/০৬/২০২৬ খ্রি. থেকে ১৮/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত ৩য় ব্যাচ সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ময়মনসিংহে অনুষ্ঠিত হবে। উল্লিখিত ৩টি ব্যাচে (প্রতি ব্যাচে ৩৫ জন) মোট ১০৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করবেন।

উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য (ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল হতে) বি.পি.এড প্রশিক্ষণ প্রাপ্ত শরীরচর্চার শিক্ষক/শিক্ষিকাগণকে আগামী ০৩/০৬/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫টার মধ্যে নিম্নবর্ণিত গুগল লিংক ব্যবহার করে আবেদন করতে হবে;

গুগল লিংক : https://docs.google.com/forms/d/e/1FAIpQLSf4Y8B-ecYLtTrbiEJzdS5GLy-Phv7V_LMg87GL0isCFK4WXA/viewform?usp=header

আবেদনের যোগ্যতা :

- ০১। সরকারি/বেসরকারি কলেজের শরীরচর্চার শিক্ষক হতে হবে।
- ০২। বি.পি.এড প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- ০৩। নিয়োগ এবং এমপিও ভুক্তির চাকুরি কাল ন্যূনতম ০২ (দুই) বছর হতে হবে।
- ০৪। প্রশিক্ষণার্থীর বয়স ৫০ (পঞ্চাশ) এর মধ্যে হতে হবে।
- ০৫। যে সকল মহিলা প্রশিক্ষণার্থীর ছোট বাচ্চা আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

নির্দেশনা :

০১.	প্রশিক্ষণার্থীগণের টি.এ/ডি.এ স্ব-স্ব প্রতিষ্ঠান হতে প্রাপ্য হবেন।
০২.	প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ২ কপি পাসপোর্ট সাইজ ছবি সাথে করে নিয়ে আসতে হবে।
০৩.	প্রশিক্ষণার্থীকে ০১ (এক) জোড়া কেডস এবং ট্রাউজার সঙ্গে করে নিয়ে আসতে হবে।
০৪.	মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাড়পত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

প্রয়োজনে যোগাযোগ : ০১৮১৯-৮৯৮৮৩৪।

পরিচালক (আঞ্চলিক)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল।

(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য (ক্রমিক জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল।
- ৩। অধ্যক্ষ, ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের সরকারি/বেসরকারি কলেজসমূহ।
- ৪। অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/ময়মনসিংহ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা ও ময়মনসিংহ। (উক্ত কোর্সে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।